গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রপ্তানি উন্নয়ন ব্যুরো
টিসিবি ভবন, ১ কাওরান বাজার, ঢাকা
www.epb.gov.bd

নং-২৬.০২.০০০০.০০.০১৯.৫১.০০০২.২৬/৬৭২(১)

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২৮ জুলাই ২০২৬ খ্রি.

## জাতীয় রপ্তানি ট্রফি ২০২৫-২০২৬ প্রাপক নির্বাচনের জন্য অনলাইনে আবেদন আহবান

২০২৫-২০২৬ অর্থবছরের 'জাতীয় রপ্তানি ট্রফি' প্রাপক নির্বাচনের লক্ষ্যে বাংলাদেশে নিবন্ধিত দেশি/বিদেশি পণ্য ও সেবা রপ্তানিকারক প্রতিষ্ঠানের নিকট হতে শুধুমাত্র অনলাইনে আবেদন আহবান করা হচ্ছে।

২। **জাতীয় রপ্তানি ট্রফি নীতিমালা-২০২৫ অনুসারে পণ্য ও সেবা খাতসমূহ ২৯টি খাতে বিভক্ত। ২০২৫-২০২৬ অর্থবছরে খাতওয়ারী ন্যূনতম রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার) নিম্নরূপ:**

| ক্র:নং | পণ্য ও সেবা খাত | ন্যূনতম আয় | ক্র:নং | পণ্য ও সেবা খাত | ন্যূনতম আয় |
|---|---|---|---|---|---|
| (১) | তৈরি পোশাক (ওভেন) | ৭০ | (১৬) | সিরামিক পণ্য | ৪ |
| (২) | তৈরি পোশাক (নিটওয়্যার) | ৭০ | (১৭) | লাইট ইঞ্জিনিয়ারিং | ৫ |
| (৩) | সকল ধরণের সুতা (ডেনিম ব্যতীত) | ৩০ | (১৮) | ইলেকট্রিক ও ইলেকট্রনিক্স পণ্য | ৮ |
| (৪) | টেক্সটাইল ফেব্রিক্স | ১৫ | (১৯) | ফার্মাসিউটিক্যাল পণ্য | ৫ |
| (৫) | ডেনিম ফেব্রিক্স ও ডেনিম তৈরি পোশাক | ২০ | (২০) | কম্পিউটার সার্ভিসেস | ২ |
| (৬) | হোম ও স্পেশালাইজড টেক্সটাইল | ৫৫ | (২১) | প্রিন্টিং ও প্যাকেজিং পণ্য | ৮ |
| (৭) | হিমায়িত খাদ্য | ১০ | (২২) | গার্মেন্টস এক্সেসরিজ পণ্য | ৮ |
| (৮) | পাটজাত দ্রব্য | ১০ | (২৩) | অপ্রচলিত পণ্য (কাঁকড়া, কুচিয়া, গরুর নাড়ি ভুঁড়ি, মাছের আঁশ, চুল ইত্যাদি) | ১ |
| (৯) | চামড়া (ক্রাস্ট/ফিনিশড) | ১০ | (২৪) | নারী উদ্যোক্তা রপ্তানিকারক (ব্যক্তি: লিমিটেড কোম্পানি ব্যতীত) | ১ |
| (১০) | চামড়াজাত পণ্য | ২ | (২৫) | আসবাবপত্র | ৩ |
| (১১) | ফুটওয়্যার (সকল) | ৪ | (২৬) | ট্যুরিজম এন্ড হসপিটালিটি | ৫ |
| (১২) | কৃষিজ পণ্য (তামাক ব্যতীত) | ১ | (২৭) | বেসিক কেমিক্যালস | ২০ |
| (১৩) | এগ্রোপ্রসেসিং পণ্য (তামাকজাত পণ্য ব্যতীত) | ২ | (২৮) | ম্যান মেইড ফিলামেন্টস এবং স্ট্যাপল ফাইবার | ২৫ |
| (১৪) | হস্তশিল্পজাত পণ্য | ০.৫ | (২৯) | কাগজ এবং কাগজের পণ্য | ২০ |
| (১৫) | প্লাস্টিক ও মেলামাইন পণ্য | ৩ | | | |

৩। রপ্তানি উন্নয়ন ব্যুরোর সকল কার্যালয়, ব্যুরোর ওয়েবসাইট (www.epb.gov.bd), সকল চেম্বার/এসোসিয়েশন, বেজা ও বেপজা কার্যালয় হতেও জাতীয় রপ্তানি ট্রফি ২০২৫-২০২৬ -এর আবেদনের তথ্য সংগ্রহ করা যাবে। অনলাইনে আবেদনের লিংক:

**http://services.mincom.gov.bd/portal/home** এর মাধ্যমে প্রবেশ অথবা সরাসরি **http://43.229.15.128/portal/export-trophy** আগামী ০১ আগস্ট হতে ৩১ আগস্ট ২০২৬ তারিখ পর্যন্ত শুধুমাত্র অনলাইনে আবেদন দাখিল করা যাবে।

৪। আবেদনের সাথে যেসব ডকুমেন্টস সংযুক্ত করে দাখিল করতে হবে: (ক) ২০২৪-২০২৫ অর্থবছরের কর্পোরেট ট্যাক্স পরিশোধের স্বপক্ষে সংশ্লিষ্ট আয়কর অফিস-এর প্রত্যয়নপত্র; (খ) ঋণ খেলাপী নয় মর্মে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে ঘোষণাপত্র; (গ) পরিবেশ অধিদপ্তরের হালনাগাদ সনদের কপি (প্রযোজ্য ক্ষেত্রে); (ঘ) সংশ্লিষ্ট ব্যাংক এর লেটারহেড প্যাডে প্রতিষ্ঠানের নাম, রপ্তানিকৃত পণ্যের নাম ও এফওবি মূল্যে প্রত্যাবাসিত মূল্য (মিলিয়ন মা. ডলারে) প্রদানপূর্বক ২০২৪-২০২৫ এবং ২০২৫-২০২৬ অর্থবছরের এক পাতার প্রসিড রিয়ালাইজেশন সার্টিফিকেট (PRC)-এর মূল ফর্দ; (ঙ) প্রচ্ছন্ন ও আংশিক প্রচ্ছন্ন রপ্তানিকারক প্রতিষ্ঠানকে এক পাতার মূল পিআরসি-এর সাথে বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত নতুন ছক অনুযায়ী ই-পিআরসি সংযুক্ত করতে হবে; (চ) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর হতে কারখানার কমপ্লায়্যান্স সনদ এবং (ছ) অনলাইন আবেদন ফরম-এর শর্তানুযায়ী প্রদেয় অন্যান্য তথ্য/ডকুমেন্টস।

৫। আবেদনকারী প্রতিষ্ঠান একাধিক পণ্য ও সেবা রপ্তানি করলে সেক্ষেত্রে পণ্য ও সেবা খাতওয়ারী (HS code) পৃথক আবেদন দাখিল করতে হবে। অর্থাৎ এক খাতের রপ্তানিকারক কর্তৃক অন্য কোন খাতের সাথে একত্রে রপ্তানি আয় প্রদর্শন করা হলে আবেদন বাতিলযোগ্য হবে।

৬। দাখিলকৃত পিআরসি বাংলাদেশ ব্যাংকের অনলাইন এক্সপোর্ট মনিটরিং সিস্টেমের (OEMS) তথ্যভান্ডারের সাথে যাচাই করা হবে। True Single Source হিসেবে বাংলাদেশ ব্যাংকের OEMS তথ্য ভান্ডারে রক্ষিত প্রতিষ্ঠানের রপ্তানি আয়কে চূড়ান্ত ও সঠিক হিসেবে বিবেচনা করা হবে।

৭। ২০২৫-২০২৬ অর্থবছরের জাতীয় রপ্তানি ট্রফির জন্য অনলাইনে আবেদন উপরে বর্ণিত শর্তাবলী প্রতিপালনপূর্বক আগামী ৩১ আগষ্ট ২০২৬ খ্রি. তারিখ এর মধ্যে দাখিল করতে হবে। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

৮। **অনলাইন পদ্ধতিতে বিলম্বে আবেদন দাখিল/গ্রহণের কোন সুযোগ থাকবে না।** বিস্তারিত তথ্যের জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরো'র পণ্য বিভাগ-এ যোগাযোগ করা যেতে পারে।

K. Sulta...
28/7/2026

(কুমকুম সুলতানা)
পরিচালক
পণ্য বিভাগ
E-mail: dir-commodity@epb.gov.bd